যুগান্তর

তারিখ ··· 19 MAR 2016 ···
পৃষ্ঠা ··· 2 ··· কলাম ··· 6 ···

# প্রতিটি স্কুলে মনোবিজ্ঞানী নিয়োগ দেয়া হবে : শিক্ষামন্ত্রী

**যুগান্তর রিপোর্ট**

দেশের প্রতিটি স্কুলে একজন করে মনোবিজ্ঞানী নিয়োগের ঘোষণা দিয়েছেন শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ। শুক্রবার ঢাকায় এক আন্তর্জাতিক মনোবিজ্ঞান সম্মেলন উদ্বোধনকালে এ ঘোষণা দেন তিনি। বাংলাদেশ মনোবিজ্ঞান সমিতি এবং দক্ষিণ এশীয় মনোবিজ্ঞানী সমিতি যৌথভাবে দুই দিনব্যাপী এ সম্মেলন আয়োজন করে।

অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী আরও বলেন, ইভটিজিং, মাদকাসক্তিসহ বিভিন্ন কিশোব অপরাধ প্রশমনে মনোবিজ্ঞানীরা ভূমিকা রাখতে পারেন। কাউন্সিলিংয়ের মাধ্যমে শিক্ষার্থীদের বয়ঃসন্ধিকালীন অস্থিরতা দূর করতেও মনোবিজ্ঞান শিক্ষক গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারেন। এ প্রসঙ্গে তিনি বলেন, ডিগ্রিপ্রাপ্ত প্রফেশনাল মনোবিজ্ঞানী পাওয়া না গেলে স্কুলে কর্মরত শিক্ষকদের থেকে একজনকে সংশ্লিষ্ট বিষয়ে প্রশিক্ষিত করে আপাতত মনোবিজ্ঞান শিক্ষকের দায়িত্ব দেয়া হবে।

রাজধানীর বিয়াম মিলনায়তনে 'গুণগত মানসম্পন্ন শিক্ষা নিশ্চিত করার মাধ্যমে মানবসম্পদ উন্নয়ন ও ব্যবস্থাপনা' শীর্ষক এ বৈজ্ঞানিক সম্মেলনের উদ্বোধনী অনুষ্ঠানে আরও বক্তৃতা করেন মনোবিজ্ঞানী অধ্যাপক হামিদা আক্তার, অধ্যাপক রওশন আলী, অধ্যাপক নাসরীন ওয়াদুদ, অধ্যাপক আজিজুর রহমান এবং অধ্যাপক আনোয়ারুল হাসান সুফি। ঢাকা বিশ্ববিদ্যালয়ের মনোবিজ্ঞান বিভাগের প্রাক্তন শিক্ষার্থী পানিসম্পদ মন্ত্রণালয়ের সচিব জাফর আহমদ চৌধুরী, শিক্ষা মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব অরুণা বিশ্বাস, জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভিসি অধ্যাপক হারুন অর রশিদ এবং ঢাকা শিক্ষা বোর্ডের চেয়ারম্যান অধ্যাপক আবু বকর সিদ্দিকও এতে বক্তব্য দেন।